**THE WEST BENGAL COUNCIL OF RABINDRA OPEN SCHOOLING**

**MADHYAMIK PARIKSHA (SECONDARY EXAMINATION) JUNE, 2026**

# ভূগোল

**(Geography)**

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** | **পূর্ণমান ঃ ৯০**

**Time: 3 Hours 15 Minutes** | **Full Marks: 90**

## পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ
## (General Instructions for the Examinees)

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।
Candidates should write their Name, Roll No. and Registration No. in their respective answer scripts.

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।
প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।
The first 15 Minutes are allotted for reading the question paper.
Answers should be in brief and to the point.

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

Write correct question no. against each answer.

প্রত্যেক পরীক্ষার্থীকে ভারতের মানচিত্র দেওয়া হবে।
Map of India will be supplied to all candidates.

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
বানান ভুল, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।
Special credit will be given for answers which are brief and to the point.
Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.
In the right side the marks of questions are given.

**বিভাগ-ক**

**Group-A**

**1.** বিকল্পগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ

Write the correct answer from the given alternatives: 1×14=14

(i) অধিবর্ষের মোট দিন সংখ্যা হল—

Number of days in a leap year—

(a) 365 (b) 563

(c) 366 (d) 663

(ii) দ্রাঘিমা রেখার সর্বোচ্চ মান হল—

Maximum value of longitude line is—

(a) 50° (b) 90°

(c) 150° (d) 180°

(iii) ঋতু পরিবর্তন দেখা যায় না—

Change of season is not observed in—

(a) নিরক্ষীয় অঞ্চলে
Equatorial region

(b) ক্রান্তীয় মৌসুমি অঞ্চলে
Tropical monsoon region

(c) মরু অঞ্চলে
Desert region

(d) চিনদেশীয় অঞ্চলে
Chaina region

(iv) শুষ্ক অঞ্চলের গিরিখাতকে বলা হয়—

The gorge formed in arid region is called as

(a) জলপ্রপাত
Waterfalls

(b) ক্যানিয়ন
Canyon

(c) মন্থকূপ
Potholes

(d) খরস্রোত
Cataract

(v) পৃথিবী গোলাকার প্রথম বলেছিলেন—

First to suggest that the Earth was round—

(a) পিথাগোরাস
Pythagoras

(b) টলেমি
Ptolemy

(c) এরিস্টটল
Aristotle

(d) কোপারনিকাস
Copernicus

(vi) কুরোশিও যে মহাসাগরের উষ্ণ স্রোত সেটি হল—
Kuroshio is a warm current of

(a) আটলান্টিক মহাসাগর
Atlantic Ocean

(b) প্রশান্ত মহাসাগর
Pacific Ocean

(c) ভারত মহাসাগর
Indian Ocean

(d) সুমেরু মহাসাগর
Arctic Ocean

(vii) ভারতের একটি অন্তর্বাহিনী নদী হল—
An inland river of India is—

(a) তাপ্তী
Tapti

(b) নর্মদা
Narmoda

(c) সবরমতী
Sabarmati

(d) লুনী
Luni

(viii) জীবাশ্ম দেখা যায়—
Fossils are formed in—

(a) রুপান্তরিত শিলায়
Metamorphic Rocks

(b) আগ্নেয় শিলায়
Igneous Rocks

(c) পাললিক শিলায়
Sedimentary Rocks

(d) এগুলির সবকটিই
All of these

(ix) ভারতের নদীবন্দর হল—
The river-port of India is—

(a) মুম্বাই
Mumbai

(b) কলকাতা
Kolkata

(c) চেন্নাই
Chennai

(d) কান্দালা
Kandala

(x) ভারতে বনভূমির পরিমাপ—
The portion of forest in India—

(a) 19.45%

(b) 29.45%

(c) 39.45%

(d) 50%

(xi) ভুটানের সর্বোচ্চ শৃঙ্গ হল—
The highest peak of Bhutan is

(a) চোমোলহরি
Chomolhari

(b) এভারেস্ট
Everest

(c) ধবলগিরি
Dhabalgiri

(d) কাঞ্চনজঙ্ঘা
Kanchenjunga

(xii) দুর্গাপুর লৌহ-ইস্পাত কেন্দ্রের আকরিক লোহা আসে—

For Durgapur iron and steel plant iron are comes from the mines of

(a) কেওনঝড় থেকে
Keonjhar

(b) সিংভূম থেকে
Singbhum

(c) নোয়ামুণ্ডি থেকে
Noamundi

(d) গুরুমহিষাণী থেকে
Gurumahisani

(xiii) পশ্চিমা বায়ু হল একটি

The westerly wind is a

(a) সাময়িক বায়ু
Periodic wind

(b) স্থানীয় বায়ু
Local wind

(c) নিয়ত বায়ু
Planetary wind

(d) মেরু বায়ু
Polar wind

(xiv) সজীব বস্তুর বাঁচার জন্য প্রোটিন প্রস্তুতকারী উপাদানটি হল—

The protein producing element for living the biotic organisms is—

(a) নাইট্রোজেন
Nitrogen

(b) অক্সিজেন
Oxygen

(c) হাইড্রোজেন
Hydrogen

(d) জলীয় বাষ্প
Water vapour

## বিভাগ-খ

## Group-B

**2.1.** নিম্নলিখিত বাক্যগুলির যেটি শুদ্ধ তার পাশে ‘শু’ এবং যেটি অশুদ্ধ তার পাশে ‘অ’ লেখো (*যেকোনো ছয়টি*) ঃ

If the statement is true, write ‘T’ and if false, write ‘F’ against the following (answer *any six*): 1×6=6

2.1.1. পৃথিবীর মেরু অঞ্চল কিছুটা চ্যাপটা।

The Earth’s polar regions are somewhat flattened.

2.1.2. মাতলা নদী জোয়ার-এর জলে পুষ্ট।

Matla river is fed by tidal water.

2.1.3. ডেকান মালভূমি পলিমৃত্তিকায় সৃষ্ট।

The Decan Plateau is made up by alluvial deposit.

2.1.4. আরাবল্লি পর্বতের পাদদেশের অঞ্চলকে ‘বাগার’ বলে।

The foothill region of Aravallis is known as ‘Bagar’.

2.1.5. ‘গর্জন’ হল আর্দ্র পর্ণমোচী অরণ্যের বৃক্ষ।

The plant ‘Garjan’ is the tree of wet deciduous forest.

2.1.6. ইন্দ্রাবতী হল মহানদীর একটি উপনদী।

Indrabati is one of the tributary of Mahanadi river.

2.1.7. ভূমিকম্পের তীব্রতা ব্যারোমিটির যন্ত্রের সাহায্যে মাপা হয়।

The intensity of earthquake is measured by Barometer.

**2.2.** উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (*যেকোনো ছয়টি*) ঃ

Fill in the blanks with suitable words (Answer *any six*): 1×6=6

2.2.1. ধান উৎপাদনে পশ্চিমবঙ্গের স্থান হল ________।

West Bengal ranks ________ in rice production.

2.2.2. মহানগরের ন্যূনতম জনসংখ্যা হল ________ লক্ষ।

The minimum population of Metropolis is ________ lakh.

2.2.3. 'চিনুক' শব্দের অর্থ ________।

The word 'Chinook' means ________.

2.2.4. ভারতের প্রবাল দ্বীপ ________ সাগরে গড়ে উঠেছে।

Coral island of India has created in ________ sea.

2.2.5. নাগার্জুন সাগর বাঁধ ________ নদীর উপর অবস্থিত।

Nagarjun Sagar dam is located on ________ river.

2.2.6. ইন্টারট্রপিক্যাল কনভারজেন্স ________ অঞ্চলে ঘটে।

Inter Tropical convergence happens in ________ region.

2.2.7. পডসল মাটিতে ________ চাষ ভালো হয়।

________ crop is best grown in podsol soil.

**2.3.** একটি বা দুটি শব্দে উত্তর দাও (*যেকোনো ছয়টি*) ঃ

Answer in one or two word/words (*any six*): 1×6=6

2.3.1. কোন দ্রাঘিমারেখা আন্তর্জাতিক তারিখ রেখাকে অনুসরণ করেছে?

Which meridian does follow International date line?

2.3.2. ভারতের একটি পূর্ববাহিনী নদীর নাম লেখো।

Write one east-flowing river of India.

2.3.3. দার্জিলিং জেলা কোন ফসল চাষের জন্য বিখ্যাত?

Darjeeling district is famous for which crop?

2.3.4. ভারতের কোন্ রাজ্য লৌহ আকরিক উত্তোলনে প্রথম?

Which State in India ranks first in Iron ore mining?

2.3.5. পৃথিবীর মেরুব্যাস কত?

What is the polar diameter of the earth?

2.3.6. ইলেকট্রোম্যাগনেটিক যন্ত্রপাতি নির্মাণে কোন শহর বিখ্যাত?

Which city is famous for making electromagnetic accessories?

2.3.7. একটি মিলেটজাতীয় শস্যের উদাহরণ দাও।

Give one example of Millet crop.

2.3.8. একটি নিঃসারী আগ্নেয় শিলার উদাহরণ দাও।

Give an example of extrusive igneous rock.

**2.4.** বামদিকের সাঙ্গে ডানদিকেরগুলি মিলিয়ে লেখো ঃ

Match the left column with the right column: 1×4=4

| বামদিক<br>Left column | ডানদিক<br>Right column |
|---|---|
| 2.4.1. ওজোন গ্যাসের প্রাধান্য<br>Prominence of ozone gas | 1. বেঞ্জল<br>Benzole |
| 2.4.2. কয়লা<br>Coal | 2. গুরগাঁও<br>Gurgaon |
| 2.4.3. মোটরগাড়ি নির্মাণ শিল্পকেন্দ্র<br>Automobile manufacturing industrial centre | 3. গঙ্গোত্রী হিমবাহ<br>Gangotri Glacier |
| 2.4.4. গঙ্গা<br>Ganga | 4. 35-50 কিমি<br>35-50 k.m. |

## বিভাগ-গ

## Group-C

**3.** নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ

Answer the following in brief (Alternatives should be noted): 2×6=12

3.1. মেরুপ্রভা কখন দেখা যায়?

When are the auroras visible?

*অথবা,*

*OR,*

জৈবিক আবহবিকার কী?

What is biological weathering?

3.2. হিমরেখা কাকে বলে?

What is Snow line?

*অথবা,*

*OR,*

দুন কী?

What is Doons?

3.3. বাস্তুতন্ত্র কাকে বলে?

What is ecosystem?

*অথবা,*

*OR,*

জলচক্র কী?

What is hydrological cycle?

3.4. জনঘনত্ব কাকে বলে?

What is population density?

*অথবা,*

*OR,*

বন্দরের পশ্চাদ্‌ভূমি কাকে বলে?

What is port hinterland?

3.5. নেপালের দুটি নদীর নাম লেখো।

Write the names of two rivers in Nepal.

*অথবা,*

*OR,*

নদীর ধারণ অববাহিকা কাকে বলে?

What is catchment area of river.

3.6. ভারতের ভূমিক্ষয় রোধের দুটি উপায় লেখো।

Write two measures of protecting soil erosion in India.

*অথবা,*

*OR,*

ল্যাটেরাইট মাটি ভারতের কোথায় দেখা যায়?

Where laterite soils are found in India?

## বিভাগ-ঘ

## Group-D

**4.** সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলির লক্ষণীয়) ঃ

Give brief explanatory answer (alternatives should be noted): 3×4=12

4.1. আবহবিকার ও ক্ষয়ীভবনের মধ্যে পার্থক্য করো।

Distinguish between weathering and erosion.

*অথবা,*

*OR,*

অগ্ন্যুৎপাতের পৌনঃপুনিকতা অনুসারে আগ্নেয়গিরির শ্রেণিবিভাগ করো।

Classify volcano according to recurrence of erruption.

4.2. পৃথিবীর ভূমিকম্প বলয়গুলির অবস্থান উল্লেখ করো।

State the earthquake belts of the earth.

*অথবা,*

*OR,*

ঝুলন্ত উপত্যকা কীভাবে সৃষ্টি হয়?

How is hanging valley formed?

4.3. বহুমুখী নদী পরিকল্পনা কাকে বলে?

Define multipurpose river valley project.

*অথবা,*

*OR,*

ভারতে জলসেচের প্রয়োজন কেন?

Why is irrigation needed in India?

4.4. ভারতের বনভূমি সংরক্ষণের জন্য গৃহীত ব্যবস্থাগুলি কী কী?

What are the measures taken to conserve forest in India?

*অথবা,*

*OR,*

হিমালয়ের পার্বত্য অরণ্যের বৃক্ষগুলির নাম লেখো।

Write the names of trees found in the forest of the Himalaya.

## বিভাগ-ঙ

## Group-E

**5.** দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য চিত্রাঙ্কন আবশ্যিক নয় ঃ

Sketches are not essential for sightless candidates:

5.1. *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

Answer *any two* question from the following: 5×2=10

5.1.1. দিল্লী (77°15′পূঃ) থেকে বেলা ১২টায় একটি বার্তা কোন সময়ে টোকিওতে (139°48′পূঃ) শোনা যাবে?

A wireless message is sent from Delhi (77°15′E) to Tokyo (139°48′E) at 12 noon. What will be the time at Tokyo?

5.1.2. নদীর ক্ষয়কার্যের ফলে সৃষ্ট প্রধান তিনটি ভূমিরূপ চিত্র-সহ বর্ণনা করো।

Describe with sketches three major landforms developed by erosional work of river.

5.1.3. ভূমিকম্পের কারণগুলি লেখো।

Write the causes of earthquake.

5.1.4. পৃথিবীর বার্ষিক গতির ফলাফল চিত্র-সহ আলোচনা করো।

Describe the effects of annual motion of the earth with diagrams.

5.2. *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

Answer *any two* questions from the following: 5×2=10

5.2.1. ভারতে কৃষির বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

Briefly discuss the features of Indian agriculture.

5.2.2. ভারতীয় জনজীবনে হিমালয় পর্বতের গুরুত্ব আলোচনা করো।

State the importance of Himalaya mountain on human life of India.

5.2.3. বাংলাদেশের ভূ-প্রকৃতি ও কৃষির বিবরণ দাও।

Describe the relief-features and agriculture of Bangladesh.

5.2.4. ইক্ষু চাষের অনুকূল প্রাকৃতিক পরিবেশের বর্ণনা দাও।

Describe the favourable natural environment for sugarcane cultivation.

## বিভাগ-চ

## Group-F

**6.** প্রদত্ত ভারতের রেখা মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নাম-সহ চিহ্নিত করে মানচিত্রটিকে উত্তরপত্রের সঙ্গে আটকে দাও ঃ

Locate the following with appropriate symbols and names on the given outline map of India. Attach the map with your answer paper: 1×10=10

6.1. পশ্চিমঘাট পর্বত

Westernghat mountain

6.2. মহানদী

Mahanadi river

6.3. ছোটোনাগপুর মালভূমি

Chotonagpur plateau

6.4. চিল্কা

Chilka

6.5. তরাই মৃত্তিকা

Terai soil

6.6. কান্ডালা বন্দর

Kandala port

6.7. একটি অভ্র উত্তোলক অঞ্চল

One mica producing region

6.8. প্রধান আখ উৎপাদক অঞ্চল

Major sugarcane producing region

6.9. করমণ্ডল উপকূল

Coromondal coast

6.10. দিল্লি

Delhi

*অথবা,*

*OR,*

শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য ঃ

For sightless candidates only:

6.2. *যেকোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ঃ

Answer *any ten* questions from the following: 1×10=10

6.2.1. ভারতের একটি কৃষ্ণমৃত্তিকাযুক্ত রাজ্যের নাম লেখো।
Name one State of India rich in black soil.

6.2.2. ভারতের একটি ভঙ্গিল পর্বতের উদাহরণ দাও।
Example one fold mountain range of India.

6.2.3. বায়ুর চাপ কোন যন্ত্রে মাপা হয়?
By which instrument air pressure is measured?

6.2.4. ভারতের উচ্চতম পর্বতবেষ্টিত মালভূমি কোনটি?
Which is the highest intermountain plateau of India.

6.2.5. কৃষ্ণা নদী কোন সাগরে মিশেছে?
In which sea has Krishna river flown to?

6.2.6. ভারতের কোন রাজ্যে কালবৈশাখী দেখা যায়?
Name the State experiencing 'Kalbaishakhi'?

6.2.7. পশ্চিমবঙ্গের সর্বোচ্চ শৃঙ্গ কোন্‌টি?
Which is the highest peak of West Bengal?

6.2.8. সিন্ধুনদের একটি উপনদীর নাম লেখো।
Name one tributary of river Indus.

6.2.9. পূর্বভারতের একটি বন্দরের নাম লেখো।
Name a port of eastern India.

6.2.10. একটি রবিশস্যের উদাহরণ দাও।
Give one example of rabi crop.

6.2.11. TISCO লৌহ-ইস্পাত কারখানাটি কোথায় অবস্থিত?
Where is the TISCO iron and steel plant located?

6.2.12. পশ্চিমবঙ্গের একটি পাট শিল্পকেন্দ্রের নাম লেখো।
Name one Jute industry centre of West Bengal.

6.2.13. পৃথিবীর দীর্ঘতম গিরিখাত কোনটি?
What is the longest gorge of the world?

6.2.14. পেরিডোটাইট কোন ধরনের শিলা?
Peridotite is what type of rock?

———